গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২

তারিখ- ১০/০৭/২০১৩ খ্রিঃ।

নং- অম/অবি/ব্যঃনিঃ-২/২(১৯)/২০০০-০৫ অংশ-১/৬৭

বিষয় ঃ সরকারি কাজে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা বিষয়ক অফিস স্মারকের ১১নং অনুচ্ছেদের শর্ত শিথিল।

সূত্র ঃ নং-০৫.০০.০০০০.২০২.১৯.০১ .১৩-৬০, ২০ ফেব্রুয়ারী, ২০১৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ হতে গত ০৯ অক্টোবর, ২০১২ খৃঃ তারিখে জারিকৃত অফিস স্মারকের ১১নং অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদিতে অংশগ্রহণের ক্ষেত্রে স্বল্পকালীন অর্থাৎ ১ মাসের কম সময় উল্লেখিত শর্তটি নির্দেশক্রমে প্রত্যাহার করা হলো।

(মোহাম্মদ শামসুল আলম ভূঁইয়া)
উপ-সচিব
ফোন-৭১৬১৬০২
E-mail: shamsulb@.finance.gov.bd

সিনিয়র সচিব,
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

১। সিনিয়র সচিব/সচিব.......................................মন্ত্রণালয়/বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২

নং-০৭.১৫২.০৯৯.০০.০০১.২০০৪-৬৫ | তারিখ : ২৪-০৮-২০১৫

# পরিপত্র

বিষয় : সরকারি কাজে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য সর্বসাকূল্য ভাতা (Comprehensive allowance) বৃদ্ধি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের বিগত ০৯ অক্টোবর ২০১২ তারিখের অম/অবি/ব্যঃনিঃ-২/২(১৯)/২০০০-০৪/অংশ-১/ ২২১(১০০০) নং স্মারকের মাধ্যমে ৪নং অনুচ্ছেদের (ক) ও (খ)-এ বর্ণিত বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গ এবং ৬নং অনুচ্ছেদের (ক)-তে বর্ণিত সাধারণ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের বিভিন্ন অঞ্চল/দেশ ভিত্তিক বৈদেশিক মুদ্রায় নির্ধারিত সর্বসাকূল্য ভাতা (Comprehensive allowance) আদেশ জারীর তারিখ থেকে ৩০% বৃদ্ধি করে নিম্নেবর্ণিত হারে নির্দেশক্রমে পুনঃ নির্ধারণ করা হলো :

| কর্মকর্তার পর্যায় | বর্তমান নির্ধারিত সর্বসাকূল্য ভাতা (Comprehensive allowance) মার্কিন ডলারে | | |
|---|---|---|---|
| | গ্রুপ-১ | গ্রুপ-২ | গ্রুপ-৩ |
| (বিশেষ পর্যায়ের (ক)-(২) উপ-পর্যায়) | ৩২৮ | ২৬৩ | ২৬৩ |
| সাধারণ পর্যায় | | | |
| ক | ২৬৩ | ২১৫ | ১৯৬ |
| খ | ২৩১ | ১৯৬ | ১৭৮ |
| গ | ২১৫ | ১৭৮ | ১৬৫ |
| ঘ | ১৭৮ | ১৫০ | ১৩১ |

( বিলকিস জাহান রিমি )
উপ-সচিব
ফোন : ৯৫৭৪০০৬

বিতরণ (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধানমন্ত্রীর মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়।
৪। সিনিয়র সচিব/সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ)।
৫। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড।
৮। বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনসমূহ।
৯। মহা-হিসাব নিরীক্ষক।
১০। মহা-হিসাব নিয়ন্ত্রকের দপ্তর।
১১। মহানিয়ন্ত্রকের (প্রতিরক্ষা হিসাব) দপ্তর।
১২। পরিচালক, নিরীক্ষা (ডাক,তার ও দূরালাপনী)/পরিচালক, নিরীক্ষা (পূর্ত, পানি ও বিজলী)/পরিচালক, নিরীক্ষা, মিশন ও ইউ,এন অডিট-এর দপ্তর।
১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাগণের দপ্তর।
১৪। সকল সরকারি পরিদপ্তর ও অধঃস্তন দপ্তরসমূহ।
১৫। সকল স্বায়ত্তশাসিত সংস্থা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২

নং-০৭.১৫২.০৯৯.০০.০০১.২০০৪(অংশ-১)-৯৬৯ তারিখ ঃ ১৮-০২-২০১৬ খ্রিঃ।

## পরিপত্র

**বিষয় ঃ সরকারি কাজে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাদি সংক্রান্ত অর্থ বিভাগ কর্তৃক ০৯ অক্টোবর ২০১২ তারিখে জারীকৃত আদেশটির আংশিক সংশোধন।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সরকারি কাজে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাদি সংক্রান্ত আদেশটি অর্থ বিভাগ কর্তৃক বিগত ০৯ অক্টোবর ২০১২ তারিখে জারী করা হয়। উক্ত আদেশটির ২নং অনুচ্ছেদে " সাধারণ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের " সুযোগ-সুবিধাদি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর Corresponding Scale স্কেল হিসেবে ২০১৫ বেতন স্কেল অনুযায়ী নির্দেশক্রমে সংশোধন করা হলো ঃ

সাধারণ পর্যায় ঃ

(ক) (১) সরকারি কর্মচারী যাঁদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৭৪,৪০০ টাকা বা তদূর্ধ্ব।
(২) অধিক্ষেত্রাধীন এলাকার বাইরে বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনের প্রধান যথা- রাষ্ট্রদূত ও হাইকমিশনার।
(৩) সরকারি প্রতিনিধি দলের বেসরকারি নেতা।

(খ) (১) সরকারি কর্মচারী যাঁদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৫৩,০৬০ টাকা বা তদূর্ধ্ব কিন্তু ৭৪,৪০০ টাকার নিম্নে।
(২) সরকারি প্রতিনিধি দলের বেসরকারি সদস্য।

(গ) সরকারি কর্মচারী যাঁদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ২২,৪৯০ টাকা বা তদূর্ধ্ব, কিন্তু ৫৫,৪৭০ টাকার নিম্নে।

(ঘ) সরকারি কর্মচারী, যাঁদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ২২,৪৯০ টাকার নিম্নে।

১৮/২/২০১৬
( বিলকিস জাহান রিমি )
উপ-সচিব
ফোন ঃ ৯৫৭৪০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ
ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-২
(www.mof.gov.bd)

নং- ০৭.১৫২.০০০.০০.০০.০০০(অংশ-১).২০০৮-৬৬ তারিখ ঃ ১৮/০৯/২০১৮ খ্রিঃ।

বিষয় ঃ বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদিতে অংশগ্রহণের নিমিত্ত প্রাপ্য ভাতা প্রদান সংক্রান্ত স্মারকে ব্যাখ্যা প্রদান।

সূত্র ঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং-০৫.০০.০০০০.২০২.০০.০০৯.১৮-২০৭, তারিখ ঃ ১৭ এপ্রিল ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সরকারি কাজে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা পুনঃনির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগের ০৯/১০/২০১২ তারিখের ২২১(১০০০) নং অফিস স্মারকের ১১নং অনুচ্ছেদ এবং অর্থ বিভাগের ১০/০৩/২০১৩ তারিখের ৬৭ নং অফিস স্মারক অনুযায়ী বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদিতে অংশগ্রহণের নিমিত্ত ৩০% পকেট ভাতা প্রাপ্যতার বিষয়ে অর্থ বিভাগের নিম্নোক্ত মতামত নির্দেশক্রমে প্রদান করা হলো ঃ

(ক) সরকারি কাজে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা পুনঃনির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগের ০৯/১০/২০১২ তারিখের ২২১(১০০০) নং অফিস স্মারকের ১১নং অনুচ্ছেদ এবং অর্থ বিভাগের ১০/০৩/২০১৩ তারিখের ৬৭ নং অফিস স্মারক অনুযায়ী বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদিতে অংশগ্রহণের নিমিত্ত সাধারণ পর্যায়ভুক্ত কোন ব্যক্তি যদি রাষ্ট্রীয় অতিথি হিসেবে বিবেচিত হন অর্থাৎ যদি তাঁর আহার, বাসস্থান বাবদ খরচ কোন বিদেশী সরকার কিংবা সংস্থা বহন করে, তাহলে তিনি সে দেশের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার (Comprehensive allowance) শতকরা ৩০ ভাগ পকেট ভাতা প্রাপ্য হবেন। তবে, তাঁকে আনুষঙ্গিক ব্যয় বাবদ নগদ কোন অর্থ প্রদান করা হয়ে থাকলে, তিনি এ ভাতা পাবেন না। আহার ও বাসস্থান বাবদ খরচের জন্য উক্ত দেশ বা সংস্থা যদি সংশ্লিষ্ট ব্যক্তিকে নগদ অর্থ প্রদান করেন তা হলে সে ক্ষেত্রেও তিনি এ ভাতা প্রাপ্য হবে না।

(খ) ভবিষ্যতে এ বিষয়ে জটিলতা এড়ানোর স্বার্থে বিদেশে প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদিতে অংশগ্রহণের ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক জারীকৃত জিওতে সরকারি কাজে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা পুনঃনির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগের ০৯/১০/২০১২ তারিখের ২২১(১০০০) নং অফিস স্মারকের ১১নং অনুচ্ছেদ এবং অর্থ বিভাগের ১০/০৩/২০১৩ তারিখের ৬৭ নং অফিস স্মারক অনুযায়ী ৩০% পকেট ভাতা প্রাপ্যতার বিষয়টি উল্লেখ করতে হবে।

( শেখ মোমেনা মনি )
উপ-সচিব
ফোন-৯৫৭৪০০৬

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।